২০১৭

আধুনিক ভারতীয় ভাষা

বাংলা

(বাণিজ্য বিভাগ)

পূর্ণমান – ৫০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

THIRD DAY

১। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রবন্ধের অংশ অবলম্বনে প্রদত্ত প্রশ্নের উত্তর নিজের ভাষায় লেখো ঃ

আমার বিশ্বাস, যদি ঘুরিয়া ঘুরিয়া বাংলাদেশে নানাস্থানে মেলা করিবার জন্য একদল লোক প্রস্তুত হন—তাঁহারা নূতন নূতন যাত্রা, কীর্তন, কথকতা রচনা করিয়া সঙ্গে বায়োস্কোপ, ম্যাজিকলণ্ঠন, ব্যায়াম ও ভোজবাজির আয়োজন লইয়া ফিরিতে থাকেন, তবে ব্যয় নির্বাহের জন্য তাঁহাদিগকে কিছুমাত্র ভাবিতে হয় না। তাঁহারা যদি মোটের উপরে প্রত্যেক মেলার জন্য জমিদারকে একটা বিশেষ খাজনা ধরিয়া দেন এবং দোকানদারের নিকট হইতে যথানিয়মে বিক্রয়ের লভ্যাংশ আদায় করিবার অধিকারপ্রাপ্ত হন—তবে উপযুক্ত সুব্যবস্থা দ্বারা সমস্ত ব্যাপারটাকে বিশেষ লাভকর করিয়া তুলিতে পারেন। এই লাভের টাকা হইতে পারিশ্রমিক ও অন্যান্য খরচ বাদে যাহা উদ্‌বৃত্ত হইবে, তাহা যদি দেশের কার্যেই লাগাইতে পারেন, তবে সেই মেলার দলের সহিত সমস্ত দেশের হৃদয়ের সম্বন্ধ অত্যন্ত ঘনিষ্ঠ হইয়া উঠিবে—ইহারা সমস্ত দেশকে তন্ন তন্ন করিয়া জানিবেন এবং ইহাদের দ্বারা যে কত কাজ হইতে পারিবে, তাহা বলিয়া শেষ করা যায় না।

আমাদের দেশে চিরকাল আনন্দউৎসবের সূত্রে লোককে সাহিত্যরস ও ধর্মশিক্ষা দান করা হইয়াছে। সম্প্রতি নানা কারণ বশতই অধিকাংশ জমিদার শহরে আকৃষ্ট হইয়াছেন। তাঁহাদের পুত্র কন্যার বিবাহাদি ব্যাপারে যাহা কিছু আমোদ আহ্লাদ, সমস্তই কেবল শহরের ধনী বন্ধুদিগকে থিয়েটার ও নাচগান দেখাইয়াই সম্পন্ন হয়। অনেক জমিদার ক্রিয়াকর্মে প্রজাদের নিকট হইতে চাঁদা আদায় করিতে কুণ্ঠিত হন না। যে স্থলে 'ইতরে জনাঃ' মিষ্টান্নের উপায় জোগাইতে থাকে কিন্তু 'মিষ্টান্নম' ইতরে জনাঃ' কণামাত্র ভোগ করিতে পায় না—ভোগ করেন 'বান্ধবাঃ' এবং 'সাহেবাঃ'। ইহাতে বাংলার গ্রামসকল দিনে দিনে নিরানন্দ হইয়া পড়িতেছে এবং যে সাহিত্য দেশের আবাল বৃদ্ধবণিতার মনকে সরস ও শোভন করিয়া রাখিয়াছিল, তাহা প্রত্যহই সাধারণ লোকের আয়ত্তাহীন হইয়া উঠিতেছে। আমাদের এই কল্পিত মেলা সম্প্রদায় যদি সাহিত্যের ধারা, আনন্দের স্রোত বাংলার পল্লীদ্বারে আর একবার প্রবাহিত করিতে পারেন, তবে এই শস্যশ্যামলা বাংলার অন্তঃকরণ দিনে দিনে শুষ্ক মরুভূমি হইয়া যাইবে না।

(অ) পল্লীর মেলাগুলিকে কীভাবে সঞ্জীবিত করা সম্ভব? ৩

(আ) জমিদারগণ সম্প্রতি কীভাবে উৎসব অনুষ্ঠানের আয়োজন করেন? ৩

(ই) 'মিষ্টান্নম্ ইতরে জনাঃ'—এই শাস্ত্রবাক্যকে রবীন্দ্রনাথ পরিহাস করেছেন কেন? ৩

(ঈ) পল্লীগুলি নিরানন্দ হয়ে পড়ছে কেন? ৩

(উ) মেলাগুলির অবস্থা এখন কেমন দাঁড়িয়েছে? ৩

অথবা

(খ) দৃশ্যমান বিষয়ের বিভিন্ন অংশের যেরূপ দূরত্ব নিকটত্ব ঘনত্ব ইত্যাদি বোধ হয় চিত্রে তদ্রূপ প্রকাশ পরিপ্রেক্ষিত নামে পরিচিত। ব্যাখ্যা হিসেবে বলা যেতে পারে, চিত্রকরের জানা প্রয়োজন যে, একই

আয়তনের দুটি জিনিসের মধ্যে কাছেরটি বড়ো ও দূরেরটি ছোট দেখায়। ছবি আঁকতে গিয়ে এ কথা ভুললে চক্ষুর অভ্যাসকে বিভ্রান্ত করা হবে বা চাক্ষুষ পরিপ্রেক্ষিতের নিয়ম ভাঙা হবে। কিন্তু এও তো মনে রাখা দরকার যে চিত্র কেবল চোখের দেখা নয়। মনের দেখাতে দূরের জিনিসও কাছে আসতে পারে; কাছের জিনিসও দূরে গিয়ে ছোটো হওয়া বা লুপ্ত হওয়া বিচিত্র নয়। নিকট ও দূরের কোনো ধ্রুবমান মনের ভিতর নেই। প্রাচ্য শিল্পী সজ্ঞানে বা অজ্ঞানে এ কথা মানেন, সেজন্য প্রাচ্য চিত্রকলায় চাক্ষুষ বা স্বাভাবিক পরিপ্রেক্ষিত নষ্ট হলেই যে সব সময়ে রস সৃষ্টির বা ছন্দ সৃষ্টির হানি হবে এ কথা মানেন না। শিল্পীর চোখ তো শিল্পী নয়। মনই শিল্পী। শিল্পের রসগ্রহণও চোখ দিয়ে নয়, মন দিয়ে।

(অ) 'পরিপ্রেক্ষিত' বলতে কী বোঝ? ৩

(আ) পরিপ্রেক্ষিত বিষয়ে চিত্রকরের পক্ষে কী জানা জরুরি? ৩

(ই) প্রাচ্য শিল্পী পরিপ্রেক্ষিতের নিয়ম সর্বদা মানেন না কেন? ৫

(ঈ) পরিপ্রেক্ষিতের নিয়ম ভাঙলে রস সৃষ্টির হানি হয় কিনা আলোচনা করো। ৪

২। *(ক)* নদী বাঁচলে জীবন বাঁচবে—এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী ১৫০ শব্দের একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা

(খ) সংবাদপত্রে প্রকাশিত নিম্নলিখিত প্রতিবেদনটি অনধিক ৫০ শব্দে পুনর্নির্মাণ করো ঃ ১০

রাজ্যে আসতে পারে মার্কিন বিনিয়োগ। বুধবার সপার্ষদ মুখ্যমন্ত্রীর সঙ্গে মার্কিন রাষ্ট্রদূত রিচার্ড ভার্মার প্রায় ৪৫ মিনিটের বৈঠকের পর এমন খবরই পাওয়া গিয়েছে নবান্ন সূত্রে। এ রাজ্যে বিনিয়োগের উপযোগী পরিবেশের কথা ভেবে রিচার্ড বিনিয়োগ আনার ব্যাপারে মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রীকে আশ্বস্ত করেছেন। যদিও এ দিন বৈঠকের পর রিচার্ড সাংবাদিকদের মুখোমুখি হয়ে সরাসরি এই আশ্বাসের কথা বলেননি। তিনি বলেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক ফলপ্রসূ হয়েছে। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে বৈঠক হয়েছে। আমেরিকার সঙ্গে এই রাজ্যের শিক্ষা থেকে শুরু করে আমদানি, রপ্তানি বাণিজ্য নিয়ে আলোচনা হয়েছে। তিনি আরও বলেন, গত দু-বছর আমেরিকা সম্পর্কের অনেক উন্নতি হয়েছে। প্রতিরক্ষা, গ্রিন এনার্জি এবং জলবায়ু সংক্রান্ত ব্যাপারে রাজ্যসরকারের সঙ্গে আমেরিকা কী কী ভাবে কাজ করতে পারে, সেই বিষয়ে আলোচনার কথা জানান রিচার্ড। নতুন বছরের ২০ ও ২১ জানুয়ারি 'বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট'-এ রিচার্ডকে আমন্ত্রণ জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি না আসতে পারলেও একটি প্রতিনিধি দল রাজ্যের বাণিজ্য সম্মেলনে আসবে বলে জানিয়েছেন রিচার্ড।

৩। যে-কোনো ***পাঁচটি*** শব্দের বাংলা পরিভাষা লেখো ঃ ১×৫

Justice of the Peace, Know-how, Lexicon, Modus Operandi Nomads, Osteology, Prologue, Ultimatum, Velocity, Zoinist.

৪। *(ক)* 'শতাব্দীর সূর্য আজি রক্তমেঘ মাঝে....' — কবিতাটির মর্মার্থ লেখো। ১০

অথবা

(খ) "তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে....."

— কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

৫। *(ক)* 'ছুটি' গল্পের ফটিক চরিত্রে নিসর্গ প্রকৃতির সঙ্গে মানবাত্মার একাত্মতার যে পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও। ১০

অথবা

(খ) 'ধ্বংস' গল্পটির বিষয়বস্তু আলোচনা করে বর্তমান প্রেক্ষাপটে এর তাৎপর্য ব্যাখ্যা করো। ১০